

জাতীয় শ্রমিক ফেডারেশন

JATIYO SRAMIK FEDERATION

রেজি নং-বাজাফে- ০১

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫
31/F, Topkhana Road, Dhaka-1000. Phone : +88-02-9567975, Fax : +88-02-9558545

তারিখ : ২০ নভেম্বর ২০২০


শোক বিবৃতি

জাতীয় শ্রমিক লীগ সভাপতি বীরমুক্তিযোদ্ধা জনাব ফজলুল হক মন্টু'র মৃত্যুতে জাতীয় শ্রমিক ফেডারেশনের শোক

জাতীয় শ্রমিক লীগের সংগ্রামী সভাপতি, স্কেপের যুগ্ম সমন্বয়ক, NCCWE এর চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা জনাব ফজলুল হক মন্টু আজ ২০ নভেম্বর ভোররাত ৪.০০ মিঃ ঢাকা রাজধানী স্কেয়ার হাসপাতালে নিউমোনিয়া রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। তিনি স্কেপের ৫দফা দাবি আদায়ের অগ্রনী ভূমিকা রেখেছেন। পাটকল শ্রমিক কর্মচারীদের আন্দোলনকে এগিয়ে নেওয়ার সহায়তা করেন। তিনি স্ত্রী, এক মেয়ে, এক ছেলে, নাতী-নাতনীসহ অসংখ্য আত্মীয় স্বজন গুণগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে জাতীয় শ্রমিক ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি কামরুল আহসান এবং সাধারণ সম্পাদক আমিরুল হক আমিন গভীর শোক ও পরিবারবর্গের প্রতি সমবেদনা প্রকাশ করেন। তারা বলেন, জনাব ফজলুল হক মন্টু'র মৃত্যুতে দেশের শ্রমিক শ্রেণী একজন দিশারীকে হারালো, যে ক্ষতি আর কোনোভাবে পূরণ হবে না।

বার্তা প্রেরক-



কামরুল হাসান

দপ্তর সম্পাদক